



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  
Bangabandhu Sheikh Mujib Medical University  
শাহবাগ, ঢাকা- ১০০০।

নং-বিএসএমএমইউ/২০২১/৮২৩২

তারিখঃ ১২-০৯-২০২১ খ্রীঃ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংবিধি অনুযায়ী নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে। আত্মহী প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে।

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	সিনিয়র স্টাফ নার্স বেতন স্কেল : টাঃ ১৬,০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	১০৯ (একশত নয় জন)	শিক্ষাগত যোগ্যতা : ১. ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রী (বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিস্টার্ড হতে হবে)।

**শর্তাবলী :**

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ ইং মোতাবেক জারীকৃত পত্র অনুযায়ী যে সকল আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ ইং তারিখে ৩০ বছর পূর্ণ হয়েছে, এবং মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় যে সকল আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ ইং তারিখে ৩২ বছর পূর্ণ হয়েছে, তারা আবেদন করতে পারবেন।
- আবেদনপত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- আত্মহী প্রার্থীগণ আগামী ১৩/১০/২০২১ খ্রীঃ তারিখ বুধবার বেলা ২.৩০ ঘটিকার মধ্যে অনলাইনে ([www.bsmmu.edu.bd](http://www.bsmmu.edu.bd)) আবেদন করতে পারবেন।
- প্রার্থীগণকে পরীক্ষার ফি পূর্বলী ব্যাংক লিমিটেডের যেকোন অনলাইন শাখায় রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় -এর অনুকূলে পূর্বলী ব্যাংক লিঃ, ঢাকার শাহবাগ এভিনিউ শাখা, ঢাকার একাউন্ট নম্বর STD-430 এর বিপরীতে আগামী ১৪/০৯/২০২১ খ্রীঃ তারিখ মঙ্গলবার থেকে ১২/১০/২০২১ খ্রীঃ তারিখ মঙ্গলবার পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার একদিন পর অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে।
- অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে যা Upload করতে হবে :
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২৪০x২৪০ পিক্সেল);
  - স্বাক্ষরের ছবি (৩০০x৮০ পিক্সেল);
  - টাকা জমার ব্যাংক রশিদের কপি; ও
  - 'মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।
- আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।
- Admit Card প্রিন্ট, লিখিত ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট([www.bsmmu.edu.bd](http://www.bsmmu.edu.bd)) ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকেই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।
- প্রার্থীদের প্রাথমিক ভাবে কোন সনদপত্র Upload বা দাখিল করতে হবে না, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং একসেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে :
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
  - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্ট্রেশন সনদ;
  - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
  - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌর সভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
  - চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র; ও
  - 'মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(অধ্যাপক এ বি এম আব্দুল হান্নান)  
রেজিস্ট্রার